

## আসাদের শাট শামসুর রাহমান

গুচ্ছ গুচ্ছ রক্তকরবীর মতো কিংবা সূর্যাস্তের  
জ্বলন্ত মেঘের মতো আসাদের শাট  
উড়ছে হাওয়ায় নীলিমায় ।

বোন তার ভায়ের অম্লান শাটে দিয়েছে লাগিয়ে  
নক্ষত্রের মতো কিছু বোতাম কখনো  
হৃদয়ের সোনালী তন্তুর সূক্ষতায়  
বর্ষীয়সী জননী সে-শাট  
উঠোনের রৌদ্রে দিয়েছেন মেলে কতদিন স্নেহের বিন্যাসে ।

ডালীম গাছের মৃদু ছায়া আর রোদ্দুর-শেভিত  
মায়ের উঠোন ছেড়ে এখন সে-শাট  
শহরের প্রধান সড়কে  
কারখানার চিমনি-চূড়ায়  
গমগমে এভেন্যুর আনাচে কানাচে  
উড়ছে, উড়ছে অবিরাম  
আমাদের হৃদয়ের রৌদ্র-ঝলসিত প্রতিধ্বনিময় মাঠে,  
চৈতন্যের প্রতিটি মোর্চায় ।

আমাদের দুর্বলতা, ভীর্ণতা কলুষ আর লজ্জা  
সমস্ত দিয়েছে ঢেকে একখন্ড বস্ত্র মানবিক ;  
আসাদের শাট আজ আমাদের প্রাণের পতাকা ।